

3 (Sem-6) BEN M 3

2 0 1 9

BENGALI

(Major)

Paper : 6.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) ভারতীয় আলংকারিকদের মতে প্রধান 'ভাব' কয়টি ?
- (খ) "যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চলো রে"—কোন্ রসের উদাহরণ ?
- (গ) 'সাহিত্য দর্পণ' কে রচনা করেছেন ?
- (ঘ) 'ব্যালাড'কে দীনেশচন্দ্র সেন কী নামে আখ্যায়িত করেছেন ?
- (ঙ) ফিনল্যান্ডের মৌখিক মহাকাব্যটির নাম কী ?
- (চ) "একালের কোনো কোনো বাঙালি কবি কতকটা লোকগাঁথার ঢঙে দীর্ঘ বর্ণনামূলক কবিতা রচনা করেছেন।" এ ধরনের একজন বাঙালি কবির নাম উল্লেখ করো।
- (ছ) 'ফেয়ারি কুইন'-এর আদর্শে দ্বিজেন্দ্রনাথ ঠাকুর কোন্ কাব্য রচনা করেছিলেন ?

২। নির্দেশানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) আলংকারিকদের মতে কাব্য নির্মাণ কৌশলের ভাগ কয়টি ও কী কী?
- (খ) ‘রৌদ্র রসের ভাবের উপাদান হল _____, কিন্তু বীররসের ভাবের উপাদান হচ্ছে _____।
(শূন্যস্থান পূর্ণ করো)
- (গ) বাংলায় রচিত দুটি ‘বীররসায়ক ব্যঙ্গ কাব্য’-এর নাম লেখো।
- (ঘ) যে কোনো দুটি ‘সারস্বত মহাকাব্য’-এর (literary epic) নাম লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

- (ক) ‘সকল সহৃদয় হৃদয় সংবাদী’ বলতে কী বোঝায়? সংক্ষেপে আলোচনা করো।
- (খ) ‘রীতিরাত্না কাব্যস্য’ কাদের সিদ্ধান্ত? এই সিদ্ধান্তের অনুগামীদের বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।
- (গ) ‘গীতিকবিতা’ কাকে বলা হয়? ‘গীতিকবিতা’র লক্ষণ ও বৈচিত্র্য সম্বন্ধে আলোচনা করো।
- (ঘ) “ইংরেজিতে দুটি শব্দ ‘Fiction’ ও ‘Novel’ বাহ্যত একার্থবাহী হলেও এদের মধ্যে সূক্ষ্ম পার্থক্য আছে।” এই পার্থক্য সম্বন্ধে আলোচনা করো।
- (ঙ) নব্য ব্যালাড বা neo-ballad বলতে কী বোঝায়? পাশ্চাত্যে এই শ্রেণীর সাহিত্যের উদ্ভব কখন ও কেন হয়েছিল, আলোচনা করো। বাংলায় এই বিশেষ সাহিত্য-প্রকরণের নিদর্শন পাওয়া যায় কি? আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে সর্বমোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) মানসিক ভাব ‘শোক’ কীভাবে কাব্যের ‘রস’-এ পরিণত হয় তা আলোচনা করো।
- (খ) “কাব্যের আত্মা ‘ধ্বনি’ বলে যাঁরা আরম্ভ করেছেন, কাব্যের আত্মা ‘রস’ বলে তাঁরা উপসংহার করেছেন।” এই উক্তি পরিপ্রেক্ষিতে ভারতীয় আলংকারিকদের কাব্য-জিজ্ঞাসার বিভিন্ন পর্যায় সম্বন্ধে আলোচনা করো।
- (গ) টীকা লেখো :

নবরস, ব্যঙ্গার্থ, সংকরালংকার।

খ—গুচ্ছ

- (ঘ) “প্রায় দেড়শ বছর ধরে নানা পরিবর্তনের মধ্য দিয়ে ছোট গল্পের বিবর্তন চলেছে।” সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে ছোটগল্পের সংজ্ঞা, উৎস এবং বিবর্তনের ধারাটিকে চিহ্নিত করো।
- (ঙ) প্রবন্ধ-নিবন্ধ কাকে বলে? ব্যক্তিগত প্রবন্ধের বৈশিষ্ট্য কী? ব্যক্তিগত প্রবন্ধের উদ্ভব ও ক্রমবিকাশ সম্বন্ধে আলোচনা করো।
- (চ) ভারতীয় অলংকার শাস্ত্রে মহাকাব্যের লক্ষণ ও বৈশিষ্ট্য নিয়ে যে আলোচনা রয়েছে তা অসিতকুমার বন্দ্যোপাধ্যায়ের ‘সমালোচনার কথা’ অবলম্বনে আলোচনা করো।
